বাগেরহাটে ঘূর্ণিঝড় ইয়াসে ক্ষতিগ্রস্তদের ত্রাণ দিল সেনাবাহিনী

বাগেরহাটের শরণখোলায় ঘূর্ণিঝড় ইয়াসে ক্ষতিগ্রস্তদের মাঝে সেনাবাহিনীর পক্ষ থেকে ত্রাণ বিতরণ করা হয়েছে। বুধবার (৯জুন) উপজেলার সাউথখালী ইউনিয়নের খুড়িয়াখালী, বগী ও চালিবুনিয়া গ্রামের ৪৫০ পরিবারকে ত্রাণ হিসেবে বিভিন্ন খাদ্যসামগ্রী দেওয়া হয়। বাংলাদেশ সেনাবাহিনীর ৭ পদাতিক ডিভিশন ও বরিশাল এরিয়া সদর দপ্তরের সার্বিক ব্যবস্থাপনায়, ২৮ পদাতিক ব্রিগেডের আয়োজনে এবং বিদ্যানন্দ ফাউন্ডেশনের সহযোগীতায় ৪৩ বীর এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করে।

খুড়িয়াখালী বাজার সংলগ্ন প্রদীপন সাইক্লোন শেল্টারে এই ত্রাণ বিতরণ অনুষ্ঠানে ৪৩বীর ইউনিটের ক্যাপ্টেন আরাফাত হোসেন, সাউথখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো. মোজাম্মেল হোসেন, ইউপি সদস্য বাচ্চু মুন্সী, জাহাঙ্গীর খলিফা, রিয়াদুল পঞ্চায়েত প্রমূখ উপস্থিত ছিলেন।
ক্যাপ্টেন আরাফাত জানান, বাংলাদেশ সেনাবাহিনী তথা ৭পদাতিক ডিভিশনের অধীনস্ত ২৮ পদাতিক ব্রিগেডের তত্ববধানে ৪৩বীর শুধু ঘূর্ণিঝড় ইয়াস নয়, এর আগেও ঘূর্ণিঝড় বুলবুল, আম্ফান এবং করোনা পরিস্থিতি মোকাবেলায় শরণখোলায় দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে ত্রাণ বিতরণ করেছে। এছাড়া, সেনাবাহিনীর সদস্যরা দেশের সংকটময় মুহূর্ত এবং সকল দুর্যোগে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।